

নয়া দিগন্ত

তারিখঃ ৩০ জুলাই ২০১৯



ইউআইইউ বিজনেস স্কুল এসিবিএসপি অ্যাক্রিডিটেড

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকস বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো বিনা শর্তে ১০ বছরের জন্য যুক্তরাষ্ট্রের অ্যাক্রিডিটেশন কাউন্সিল ফর বিজনেস স্কুল অ্যান্ড প্রোগ্রামসের (এসিবিএসপি) স্বীকৃতি লাভ করেছে। ইউআইইউ স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকসের ডিন অধ্যাপক ড. আবুল এইচ এম গোলাম আযম সম্প্রতি যুক্তরাষ্ট্রের টেক্সাস অঙ্গরাজ্যের হিউস্টনে অনুষ্ঠিত এসিবিএসপির কনফারেন্সে অ্যাক্রিডিটেশন সনদ গ্রহণ করেন। এ ছাড়া এই অ্যাক্রিডিটেশন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান প্রতিনিয়ত উন্নয়নসহ শিক্ষার্থীদের বাজার উপযোগী করে তুলতে সহায়তা করবে। বিজ্ঞপ্তি।